জি এম কাদেরের উপদেষ্টা পদে নিয়োগ পেলেন ঝিনাইদহের (অবঃ) মেজর মাহফুজুর

জাতীয় পার্টির চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদের এমপি স্বাক্ষরীত এক প্রেস বিঞ্জপ্তিতে জানানো হয় জাতীয় পার্টির গঠনতন্ত্রের প্রদত্ত ক্ষমতা বলে জাতীয় পার্টির চেয়ারম্যানের উপদেষ্টা পদে নিয়োগ দেওয়া হয়েছে ঝিনাইদহ জেলা জাতীয় পার্টির সিনিয়র সহ-সভাপতি ও কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য এবং ঝিনাইদহ-২ আসনের জাতীয় পাটির সংসদ সদস্য প্রার্থী (অবঃ) মেজর মাহফুজুর রহমানকে।

প্রেস বিঞ্জপ্তিতে আরও জানানো হয় জাতীয় পার্টির সাংগঠনিক কার্যক্রমকে আরো গতিশীল করার জন্য বলিষ্ঠ ভুমিকা রাখবেন বলে তিনি আশা বাদী। এ বিষয়ে মেজর মাহফুজ বলেন, তার উপর অর্পিত এই গুরু দায়িত্ব যেন সঠিক ভাবে পালন করতে পারেন সেজন্য তিনি সকলের দোয়া কামনা করেন।

(অবঃ) মেজর মাহফুজুর রহমান জাতীয় পার্টির চেয়ারম্যানের উপদেষ্টা পদে নিয়োগ পাওয়ায় তাকে জাতীয় পার্টি ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ সহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।

কোটচাঁদপুরে দুইটি ডিপ টিউবওয়েলের সেকশন পাইপ কেটে দিয়েছেন দূর্বৃত্তরা

কোটচাঁদপুরে দুইটি ডিপ টিউবওয়েলের সেকশন পাইপ কেটে দিয়েছেন দূর্বৃত্তরা। ফসলের জমিতে সেচ দিতে না পারায় বে-কায়দায় পড়েছেন ৩ শতাধিক চাষি। এ ব্যাপারে থানায় জিডি হলেও কোন প্রতিকার না পেয়ে

হতাশ ভুক্তভোগীরা।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, গেল ২০১৮-১৯ অর্থ বছরে বৃহত্তর খুলনা- যশোর জেলা ক্ষুদ্র সেচ উন্নয়ন প্রকল্পের আওতায় কোটচাঁদপুরের সিঙ্গিয়া কৃষি মোর্চা র অধিনে দুইটি ডিপ টিউবওয়েল নির্মান করা হয়। যার মধ্যে একটি মুঞ্জিতলার মাঠে, অন্যটি ভিয়াতলার মাঠে।

এ দুই ডিপ টিউবওয়েলের আওতায় ৩৮০ জন চাষি রয়েছে। চাষ হয় ৪৫০ বিঘা জমিতে। ওই দুই ডিপ টিউবওয়েলের সেকশন পাইপ গেল ২০ এপ্রিল প্রকাশ্যে দিবালোকে দূর্বৃত্তরা কেটে দিয়েছেন বলে অভিযোগ করেছেন কৃষি মোর্চার ম্যানেজার শিমুল হোসেন।

তিনি বলেন,৬ বছর আগে এ দুই মাঠে কোন জমিতে ভাল ফসল হত না। ডিপ দুইটি নির্মানের পর থেকে ৪৫৯ বিঘা জমিতে ধান সহ বিভিন্ন ধরনের ফসল চাষ শুরু হয়েছে। গেল ২০ এপ্রিল সকালে ডিপ চলাকালে দূর্বৃত্তদের কে বা কাহারা পাইপ দুইটি কেটে দেন। এতে করে ইরি মৌসুমের ধান মানুষের ঘরে উঠা নিয়ে সংঙ্গা প্রকাশ করেছেন।

তিনি আরো বলেন,বিষয়টি নিয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর আবেদন করেছি। ওনাদের কথা মত জিডি করা হয়েছে কোটচাঁদপুর থানায়। এদিকে ঘটনার ৫ দিন পার হয়ে গেলেও কোন প্রতিকার মেলেনি।

অন্যদিকে চাষিরা ফসলে সেচ দিতে না পেরে চিন্তার ভাজ পড়েছে তাদের কপালে। ঘটনার দ্রুত তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহনের দাবি জানিয়েছেন সংশ্লিষ্ট কর্তাব্যত্তিদের নিকট।

ওই গ্রামের চাষি নাজমুল হোসেন,আরিফ হোসেন, দিপক হালদার বলেন, আর মাত্র দুইটি সেচ দিতে পারলেই ঘরে ফসল ঘরে উঠতো। এই শেষ সময় ধানে সেচ না দিতে পারলে সব জমির ধান চিটে হয়ে যাবে। এই ধান না পেলে আমাদের না খেয়ে মরা ছাড়া আর কোন উপায় থাকবে না। তারা ওই ঘটনার সুষ্টু তদন্তপূর্বক বিচারেরও দাবি জানিয়েছেন। সাথে দ্রুত ডিপ টিউবওয়েল মেরামতের জন্য সংশ্লিষ্টদের হস্তক্ষেপও কামনা করেছেন।

এ ব্যাপারে উপজেলা কৃষি কর্মকর্তা রাজিবুল হাসান বলেন,বিষয়টি বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের। আপনারা ওই বিভাগের কোটচাঁদপুর কর্মকর্তার সঙ্গে কথা বলেন। যা করার ওনারা করবেন। আমি শোনার পর লোকালি যতটুকু করার করেছি।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন কোটচাঁদপুর ইউনিটের উপসহকারী প্রকৌশলী এস এম আব্দুল্লাহ আল-মামুন বলেন,ঘটনাটি শোনার পর শিমুলকে দিয়ে থানায় অজ্ঞাত নামে জিডি করা হয়েছে।

এ ছাড়া চাষিদের সেচের দিক বিবেচনা করে ইতোমধ্যে একটি সেকশন পাইপ ব্যবস্থা করে একটা মটর চালুর ব্যবস্থা করা হয়েছে। তিনি বলেন,বিষয়টি নিয়ে আমি ইউনিয়ন স্যারসহ আমার উপরি মহলকে অবহিত করা হয়েছে।

কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল- মামুন বলেন,ওই ঘটনায় জিডি হয়েছে। বিষয়টি তদন্তধীন রয়েছে। তদন্তের পর বলা যাবে কি অবস্থা।

উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে বলেন, এ ব্যাপারে মাসিক সমন্বয় সভায় কথা হয়েছে। এ ছাড়া থানায় এজাহার দিতে বলা হয়েছে। এজাহার হলে পুলিশ তদন্ত করে ব্যবস্থা নিবেন।

তিনি বলেন, আপনারা বিষয়টি নিয়ে কৃষি কর্মকর্তা ও বিএডিসি কর্মকর্তার সঙ্গে কথা বলেন। কাজটা মূলত ওনাদের। ওনারা ভাল বলতে পারবেন।

ঝিনাইদহে বৃষ্টির জন্য সালাতুল ইস্তিসকারের নামাজ আদায়

ঝিনাইদহে রোদ আর তীব্র তাপদাহে নাভিশ্বাস উঠেছে জনজীবনে। কমছেই না তাপমাত্রার পারদ উল্টো দিন দিন বাড়ছে গরম আর তাপদাহ। বৃষ্টির আশায় প্রহর গুনছে মানুষ।

এ অবস্থায় বৃষ্টির আশায় ইস্তিসকার নামাজ আদায় করেছেন ঝিনাইদহের মুসল্লীরা। সকালে শহরের ওয়াজির আলী স্কুল মাঠে জেলা ইমাম পরিষদের আয়োজনে সালাতুল ইস্তিসকার নামাজ আদায় করা হয়। এতে শহরের বিভিন্ন এলাকা থেকে আসা কয়েক’শ মুসল্লী অংশ নেয়। নামাজের ইমামতি করেন শহরের কেন্দ্রীয় জামে মসজিদের খতিব শায়েখ মুহাম্মদ সাঈদুর রহমান।

নামাজ শেষে বৃষ্টির আশায় বিশেষ মোনাজাত করা হয়।

এ সময় মুসল্লীরা কেঁদে কেঁদে আল্লাহর দরবারে দুই হাত তুলে ঝিনাইদহ তথা পুরো বাংলাদেশে বৃষ্টির জন্য দোয়া করেন।
নামাজ শেষে শায়েখ মুহাম্মদ সাঈদুর রহমান বলেন, দীর্ঘদিন বৃষ্টি না হওয়ায় মানুষ পানির জন্য খুব বিপদে আছে। বৃষ্টি বা পানির জন্য আল্লাহ সালাতের মাধ্যমে চাইতে বলেছেন। আল্লাহর কাছে চাওয়া সুন্নাত। আর চাওয়াকে আরবিতে সালাতুল ইস্তিসকার বলা হয় অর্থাৎ পানির জন্য দোয়া করা।

তিনি আরও বলেন, রাসুল (সাঃ) এই নামাজের সময় তার দু-হাত উল্টে মোনাজাত করতেন । তার মানে তিনি পরিস্থিতির পরিবর্তন চাচ্ছেন। আমরাও উনার মতো করে নামাজ আদায় করার চেষ্টা করেছি।

অসহায় পরিবারের নিরুপায় নির্মমতা! চুরি ঠেকাতে ৩ বছর শেকল বন্দি কিশোর

অন্ধকার ঘরের চৌকির উপর বসে আছে ১৫ বছর বয়সী কিশোর রিয়াজ। গলায় শেকল পড়িয়ে ঝোলানো আছে বড় তালা। তালার অন্যপ্রান্ত চৌকির সাথে পেঁছানো। কোন ভাবে যেন শেকল খুলে বা চৌকি ভেঙে বাইরে যেতে না পারে তা নিশ্চিত করেছে পরিবারের সদস্যরা। গত ৩ বছর ধরে এভাবেই শেকল বন্দি রয়েছে কিশোর রিয়াজ। অবশ্য মাঝে মাঝে বাবা ও মায়ের সাথে বাইরে যেতে পারলেও ছাড়া পায় না সে।

ঝিনাইদহ শহরের আরাপপুর এলাকার একটি ভাড়া বাড়িতে মা নার্গিস খাতুন ও বাবা লিটন হোসেনের সাথে বসবাস করছে রিয়াজ।

পরিবারের সদস্যরা জানায়, ৭ বছর আগে শহরের আরাপপুর এলাকায় থাকা অবস্থায় কিছু বখাটে ছেলেদের পাল্লায় পড়ে চুরি শুরু করে। এরপর থেকে সুযোগ পেলেই চুরি করে সে। বাড়ি থেকে পালিয়ে গিয়ে শহরসহ আশপাশের জেলাতে গিয়েও চুরি করে। চুরি অনেকটা নেশার মত তার কাছে।

বিভিন্ন সময় পুলিশ কিশোর রিয়াজকে বাড়িতে দিয়ে গেলেও তার চুরি বন্ধ হয়নি। নানা স্থান থেকে অভিযোগ পেয়ে অতিষ্ট হয়ে গত ৩ বছর শেকল দিয়ে বেঁধে রেখেছেন তাকে। তারপরও সুযোগ পেলেই পালিয়ে যায় রিয়াজ।

শিশুটির পিতা লিটন হোসেন বলেন, রিয়াজ সুযোগ পেলেই চুরি করে। চুরি যেন তার নেশা। উপায় না পেয়ে গত ৩ বছর ধরে গলায় শেকল পরিয়ে ঘরের মধ্যে বেঁধে রেখেছি। কি করব বলেন। যেখানেই যায় সেখান থেকেই চুরি করে। আমরা উপায় না পেয়ে বেঁধে রেখেছি। কতবার পুলিশ এসে বাড়িতে দিয়ে গেছে। কত ডাক্তার দেখিয়েছি কোন সমাধান হচ্ছে না।

মা নার্গিস খাতুন বলেন, আমার ২ টি সন্তান। একটি মেয়ে আছে ও বড়। রিয়াজ আমার ছেলে। ওকে এভাবে রাখতে আমার খুব খারাপ লাগে। আমি কিচ্ছু চাই না। আমি শুধু চাই ও পড়াশোনা করুক আর অন্য ছেলেদের মত খেলা করুক, ঘুরে বেড়াক।
বিশেষজ্ঞরা বলছেন, মানসিক কোন সমস্যার কারণে রিয়াজ এমন কাজ বার বার করছে। তাই নিয়মিত কাউন্সিলিংয়ের পাশাপাশি চিকিৎসা সেবা দিলে এ সমস্যার সমাধান হতে পারে।

রংপুর মেডিকেল কলেজ হাসপাতালের সহকারী অধ্যাপক ডা: মো: আব্দুল মতিন বলেন, কয়েকটি কারণে শিশু রিয়াজ একই কাজ বার বার করছে। পরিবারে যদি এমন কেউ চুরির সাথে জড়িত থাকত তাহলে হতে পারে, আবার ওর মানসিক বিকাশের কারণেও এটা হতে পারে। আমার মনে হয় ওর নিয়মিত চিকিৎসা সেবার পাশাপাশি মোটিভেশন দিলে হয়ত এই সমস্যার সমাধান হবে।

তথ্য সংগ্রহ করতে গিয়ে ঝিনাইদহ জেলা আনসার অফিসে সাংবাদিক লাঞ্ছিত

ঝিনাইদহ জেলা আনসার ও ভিডিপি কার্যালয়ে সংবাদ সংগ্রহে গিয়ে লাঞ্ছিত হয়েছে ভোরের কাগজ পত্রিকার সাংবাদিক রোকনুজ্জামান

মিলন।

আনসারের জেলা কমান্ড্যান্ট সোহাগ হোসেন ও মহেশপুর উপজেলা টিআই হুসাইনসহ আনসার সদস্যরা তাকে মারপিট করে একটি ঘরে আটকে রাখে। পরে স্থানীয় সংবাদকর্মীরা পুলিশের সহযোগিতায় তাকে উদ্ধার করে।

সংবাদ কর্মীরা জানায়, আগামী ৮ মে উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে আনসার অফিসে নির্বাচনকালীন অস্থায়ী সদস্য নিয়োগ দেওয়া হচ্ছে। সেই খবর সংগ্রহের জন্য ভোরের কাগজ পত্রিকার জেলা প্রতিনিধি রোকনুজ্জামান মিলন সেখানে গিয়ে তথ্য সংগ্রহ করতে গেলে তার সাথে অসদাচরণ শুরু করে জেলা কমান্ড্যান্ট সোহাগ। এক পর্যায়ে তাকে টেনে হিচড়ে একটি রুমে আটকে রাখা হয়। খবর পেয়ে ঝিনাইদহে কর্মরত সাংবাদিকরা সেখানে উপস্থিত হয়ে পুলিশের সহযোগিতায় তাকে উদ্ধার করে। এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে দোষীদের শাস্তির দাবী জানিয়েছেন জেলায় কর্মরত সংবাদকর্মীরা।

এ ব্যাপারে ভুক্তভোগী সংবাদিক রোকনুজ্জামান মিলন বলেন, আমি সংবাদ সংগ্রহের জন্য ওই অফিসের বাইরে অপেক্ষা করছিলাম। জেলা কমান্ড্যান্ট সোহাগ হোসেন এক নারীর সাথে খারাপ ব্যবহার করছিলো। আমি এগিয়ে তার কাছে গেলে আমাকে সেখান থেকে চলে যেতে বলে। আমি সাংবাদিক পরিচয় দেওয়ার সাথে সাথে আমার উপর ক্ষিপ্ত হয়ে ওঠে। পরে আসনার সদস্যরা আমাকে টেনে হিচড়ে একটি রুমের মধ্যে নিয়ে কিল-ঘুষি মারে। ◌্পরে আমাকে ১ ঘন্টা আটকে রাখার পর আমার মোবাইল দেয়। আমি মোবাইল ফিরে পাওয়ার পর অন্য সহকর্মীদের কাছে কল দিলে তারা এসে আমাকে উদ্ধার করে। আমি ওই কর্মকর্তাসহ এর সাথে জড়িতদের শাস্তির দাবী জানাচ্ছি।

এ ব্যাপারে অভিযুক্ত জেলা কমান্ড্যান্ট সোহাগ হোসেন বলেন, আসলে যেভাবে বলা হচ্ছে তেমন কিছু ঘটেনি। সে প্রথমে পরিচয় না দেওয়ায় তাকে রুমের মধ্যে বসিয়ে রেখিছিলাম। তাকে মারধর বা লাঞ্ছিত করা হয়নি।

ঝিনাইদহে ১০ কেজি গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহে ১০ কেজি গাঁজাসহ সোহেল রানা নামের ১ মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।

গতকাল সোমবার (২২ এপ্রিল) বিকেলে শহরের বাইপাস এলাকা থেকে তাকে আটক করা হয়। মাদক ব্যবসায়ী সোহেল রানা ঝিনাইদহ জেলার মাধবপুর গ্রামের আব্দুর রব মোল্লার ছেলে।

ঝিনাইদহ সদর থানার ওসি শাহীন উদ্দিন জানান, গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ জানতে পারে মাদকের একটি চালান রাঙ্গামাটি থেকে ঝিনাইদহ শহরে প্রবেশ করছে। এমন সংবাদের ভিত্তিতে পুলিশ বাইপাস সড়কের ঘোষপাড়ায় চেকপোস্ট বসিয়ে সোহেল রানা নামের একজনকে আটক করে। তার কাছে থাকা একটি প্লাস্টিকের বস্তা তল্লাশী করে ২০ টি গাঁজার রোল উদ্ধার করে। উদ্ধারকৃত গাঁজার ওজন ১০ কেজি। এ ঘটনায় সদর থানায় মাদক আইনে মামলা দায়ের করা হয়েছে।

কোটচাঁদপুরে দুই বছরের সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার

মহেশপুরের দিন মন্ডলকে কোটচাঁদপুর থেকে আটক করেছেন, ঝিনাইদহ র্যাব ৬। আজ রবিবার দুপুরে ঝিনাইদহের র্যাব ৬ তাকে স্থানীয় লক্ষীপুর বাজার থেকে আটক করেন।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, গেল ২০০৯ সালে দিন মন্ডল মাদক মামলায় আটক হয়। এরপর জামিনে বাড়িতে আসেন। মাদকের ওই মামলায় দিন মন্ডলের ২ বছরের সাজা হয়।

তাঁরপর থেকে নিজ বাড়ি মহেশপুরের ন্যাপা গ্রাম ছেড়ে আত্মগোপনে থাকেন, কোটচাঁদপুর উপজেলার দোড়া ইউনিয়নের শিব নগর গ্রামে। ওই গ্রামে সে দীর্ঘ ১৫ বছর যাবৎ তাঁর পরিবার নিয়ে বসবাস করছিল।

আজ রবিবার দুপুরে ঝিনাইদহ র্যাব ৬ গোপন সংবাদে জানতে পারেন তিনি কোটচাঁদপুরের লক্ষিপুুর বাজারে আত্মগোপনে থাকেন।

এরপেক্ষিতে ওইদিন দুপুরে লক্ষিপুর গ্রামের বাজারে অভিযান চালিয়ে তাঁকে আটক করেন র্যাব-৬। পরে তাঁকে মহেশপুর থানা পুলিশের কাছে হস্তান্তর করেছেন র্যাব ৬।

বিষয়টি নিশ্চিত করেছেন, মহেশপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) মাহবুবুর রহমান বলেন,খবরটি শুনেছি। এরপর থানা থেকে র্যাব-৬ ক্যাম্পে আসামি আনতে পুলিশ পাঠানো হয়েছে।

কোটচাঁদপুর কপোতাক্ষ নদে উপজেলা নির্বাহী কর্মকর্তার অভিযান

কপোতাক্ষ নদে অভিযান পরিচালনা করছেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে। আজ শুক্রবার সকালে এ অভিযান চালান তিনি। এ সময় নদ থেকে অবৈধ্য চায়না দোয়াড়ি ও পাটাবাদ অপসারন করে পুড়িয়ে ফেলা হয়।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, আজ শুক্রবার সকালে কোটচাঁদপুরের সলেমানপুর কালীতলা মন্দিরের নিচে কপোতাক্ষ নদে অভিযান পরিচালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে। এ সময় নদ থেকে ১৫ টি অবৈধ চায়না দোয়াড়ি ও একটি পাটাবাদ অপসারন করেন।

এরপর তা পুড়িয়ে নস্ট করা হয়। অভিযানে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার,কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) শামীম হোসেনসহ সঙ্গীয় পুলিশ সদস্যরা। বিষয়টি নিয়ে সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার বলেন,ওই বাদ গুলো অপসারণ করা হয়নি। বাদ নিয়ে এমপি স্যারের সঙ্গে কথা হয়েছে। নদে দেয়া আড়াআড়ি বাদ তুলে দিয়ে পানচিং পদ্ধতিতে চাষ করবেন বলে জানিয়েছেন তারা।

উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে বলেন,নদ থেকে অবৈধ্য চায়না দোয়াড়ি অপসারন ও পাটাবাদ পুড়িয়ে নস্ট করা হয়েছে। এর বিস্তারিত সিনিয়র মৎস কর্মকর্তার কাছে আছে।

ওনার সঙ্গে যোগাযোগ করে জেনে নিন। সম্প্রতি নদে নেতা-কর্মীদের দেয়া বাদ প্রসঙ্গে তিনি বলেন,আপনারা তো ডিসি স্যারের বক্তব্য শুনেছেন। সেটাই করা হবে।

কোটচাঁদপুর উপজেলা কৃষক লীগের ৫২ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

গৌরব, সাফল্য ও ঐতিহ্যের ৫২ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করেছেন, কোটচাঁদপুর উপজেলা কৃষক লীগ। দিনটি পালনে শুক্রবার সংগঠনের নেতা-কর্মীরা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন ও আলোচনা সভা করেছেন।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, শুক্রবার ছিল বাংলাদেশ কৃষক লীগের ৫২ তম প্রতিষ্ঠা বার্ষিকী। দিনটি পালনে সংগঠনের নেতা-কর্মীরা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন ও আলোচনা সভা করেন।

প্রথমে তারা কোটচাঁদপুর মুক্তি যোদ্ধা কমপ্লেক্সের বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পমাল্য অর্পণ করেন। পরে উপজেলা চত্বরের অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতেও পুষ্পমাল্য অর্পণ করেন নেতা-কর্মীরা।

এ সময় উপস্থিত ছিলেন, বাংলাদেশ কৃষকলীগের কোটচাঁদপুর শাখার সাধারণ সম্পাদক সুশান্ত চক্রবর্ত্তী, উপজেলা কৃষকলীগের সাবেক আহবায়ক মোঃ শাহাজাহান আলী, সহসভাপতি তাফরুজ্জামান তপন,যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুস সাত্তার, সাংগঠনিক সম্পাদক আলীম হোসেন, দেলোয়ার হোসেন, অর্থ সম্পাদক রাজিব হোসেন, স্বাস্থ্য ও পরিবার কল্যান সম্পাদক লিটন হোসেন।

ঝিনাইদহের শৈলকুপায় অবৈধ জালটাকাসহ গ্রেপ্তার ১

ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার হিতামপুর এলাকা হতে অবৈধ জালটাকাসহ এক জন কে গ্রেপ্তার করেছে র্যাব-৬।

আজ বৃহস্পতিবার (১৮ এপ্রিল) র্যাব-৬, সিপিসি- ২, ঝিনাইদহ ক্যাম্পের এর একটি আভিযানিক দল গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে, ঝিনাইদহ জেলার শৈলকুপা থানাধীন হিতামপুর গ্রামস্থ এলাকায় কতিপয় ব্যক্তি অবৈধ মাদকদ্রব্য ও জাল টাকা বিক্রয়ের উদ্দেশ্যে অবস্থান করছে।

প্রাপ্ত তথ্যের ভিত্তিতে আইনগত ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে উক্ত আভিযানিক দলটি একই তারিখ দিবাগত রাত আনুমানিক ০১.৪৫ ঘটিকার সময় ঝিনাইদহ জেলার শৈলকুপা থানাধীন হিতামপুরগ্রামের মোঃ আব্দুর রহমান সবুজের সারের দোকান (রাফি এন্টারপ্রাইজ) এর সামনের এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে অবৈধ জাল টাকাসহ মোঃ আশিক খান আকরাম (২৩)কে গ্রেপ্তার করে। আকরাম একই উপজেলার ধাওড়া মধ্যপাড়া গ্রামের মোঃ আতিয়ার খাঁর ছেলে।

সে সময় উপস্থিত সাক্ষীদের সম্মুখে গ্রেপ্তারকৃত আসামীর হেফাজত হতে অবৈধ জাল টাকা ২১,০০০/-(একুশ হাজার) , ০১টি মোবাইল এবং ০২টি সিমকার্ড উদ্ধারপূর্বক জব্দ করে। জব্দকৃত আলামত ও গ্রেপ্তারকৃত আসামীকে ঝিনাইদহের শৈলকুপা থানায় হস্তান্তর করে আসামীর বিরুদ্ধে মামলা রুজু করা হয়েছে বলে র্যাবের প্রেস বিজ্ঞপ্তিতে জানান।